# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১১৪৮

১/ বিবিধ

আরবী

أربع من سعادة المرء: زوجة صالحة، وولد أبرار، وخلطاء صالحون، ومعيشة في بلده

موضوع

أخرجه الديلمي في " مسند الفردوس " (1/1/166 ـ مختصره للحافظ ابن حجر) منة طريق سهل بن عامر البجلي: حدثنا عمرو بن [جميع] عن عبد الله بن الحسن بن الحسن عن أبيه عن جده مرفوعا

قلت: وهذا موضوع، وله آفتان

الأولى: عمرو بن جميع كذبه ابن معين، وقال الدارقطني وجماعة

" متروك "

وقال ابن عدي

" كان يتهم بالوضع "

وقال البخاري

" منكر الحديث "

والأخرى: سهل بن عامر البجلي، كذبه أبو حاتم. وقال البخاري

" منكر الحديث "

وقال ابن أبي حاتم (4/1/202) عن أبيه

ضعيف الحديث، روى أحاديث بواطيل، أدركته بالكوفة، وكان يفتعل الحديث

বাংলা

১১৪৮। চারটি বস্তুর মাঝে মানুষের সৌভাগ্য রয়েছেঃ নেককার স্ত্রী, সৎ সন্তান, নেককারদের সংস্পর্শে থাকায় এবং তার দেশে বসবাসের মাঝে।

হাদিসটি বানোয়াট।

হাদীসটি দায়লামী "মুসনাদুল ফিরদাউস" গ্রন্থে (১/১/১৬৬) সাহল ইবনু আমের বাজালী সূত্রে আমর ইবনু জামী হতে, তিনি আবদুল্লাহ ইবনুল হাসান হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এটি বানোয়াট। এর সমস্যা দুটিঃ

১। আমর ইবনু জামী'কে ইবনু মাঈন মিথ্যুক আখ্যা দিয়েছেন। আর দারাকুতনীসহ একদল বলেছেনঃ তিনি মাতরূক। ইবনু আদী বলেনঃ তাকে জাল করার দোষে দোষী করা হতো। ইমাম বুখারী বলেনঃ তিনি মুনকারুল হাদীস।

২। সাহল ইবনু আমের বাজালীকে আবু হাতিম মিথ্যুক আখ্যা দিয়েছেন। আর ইমাম বুখারী বলেছেনঃ তিনি মুনকারুল হাদীস। ইবনু আবী হাতিম (৪/১/২০২) তার পিতার উদ্ধৃতিতে বলেনঃ তিনি হাদীসের ক্ষেত্রে দুর্বল, বাতিল হাদীস বর্ণনা করেছেন। তাকে আমি কূফাতে পাই। তিনি হাদীস বানাতেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=72027

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন